# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date: 08-01-2026** **Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) কয়লা পাচার মামলায় পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক পরামর্শ দাতা সংস্থা আই-প্যাক-এর বিরুদ্ধে ইডির অভিযানকে ঘিরে তুমুল উত্তেজনা। সংস্থার দপ্তর ও কর্ণধার প্রতীক জৈনের বাড়ী থেকে নথিপত্র নিয়ে বেরিয়ে গেলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

২) নির্বাচন কমিশন, আজ জরুরি ভিত্তিতে দেশের সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসেছে।

৩) "সোমনাথ স্বাভীমান পর্ব"-এর সূচনাকালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সারা দেশের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন।

৪) ২০২৬ অর্থবর্ষে ভারতের জিডিপি বৃদ্ধির হার ৭ দশমিক ৬ শতাংশে দাঁড়াতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আন্তর্জাতিক সমীক্ষক সংস্থা মর্গ্যান স্ট্যানলি।

৫) জাতীয় রাজধানীতে বেশ কিছু বছর ধরে বৈধ ভিসা ছাড়াই বসবাসকারী ৫৪৮ জন বিদেশী নাগরিককে দিল্লী পুলিস চিহ্নিত করেছে।

৬) বাংলাদেশের ঢাকার তেজগাঁও এলাকায় গতরাতে দুষ্কৃতীদের গুলিচালনায় বাংলাদেশ জাতীয়তাবাদী পার্টি BNPর এক নেতার মৃত্যু হয়েছে।

******************************************************************

**কয়লা পাচার** মামলায় পশ্চিমবঙ্গে রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই-প্যাক-এর কর্ণধার প্রতীক জৈন-এর লাউডন স্ট্রিটের বাড়িতে আজ এনফোর্সমেন্ট ডিরেক্টরেট -ইডির তল্লাশি অভিযানকে ঘিরে তুমুল উত্তেজনার সৃষ্টি হয়েছে। সকালে প্রতীক জৈনের বাড়ি এবং অফিসে ইডি আধিকারিকরা তল্লাশি চালাতে যান। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। কিন্তু কিছুক্ষণ বাদেই সেখানে পৌঁছান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ছিলেন পুলিশ কমিশনার মনোজ ভার্মাও। সোজা ঢুকে যান প্রতীক জৈনের বাড়িতে। মিনিট পাঁচেকের মধ্যেই বেশ কিছু ফাইল, নথিপত্র, হার্ড ডিস্ক ও ল্যাপটপ নিয়ে তাঁকে বেরিয়ে আসতে দেখা যায়। প্রতীক জৈনকে তৃণমূল কংগ্রেসের কার্যকর্তা বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, তদন্তের নামে দলের গোপন নথিপত্র বাজেয়াপ্ত করার চেষ্টা চালানো হচ্ছে। যদিও তল্লাশি চলাকালীন মুখ্যমন্ত্রী স্বয়ং এভাবে নথিপত্র

সরিয়ে নিয়ে যেতে পারেন কিনা তা নিয়ে উঠেছে প্রশ্ন। **সখোন** থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী যান সল্টলেকে আই-প্যাকের দপ্তরে। সেখানেও সকাল থেকে তল্লাশি চালাচ্ছেন ইডি আধিকারিকরা। ভবনটি ঘিরে রেখেছেন বিধাননগর পুলিশের আধিকারিকরা। পৌঁছান দমকল মন্ত্রী সুজিত বসুও। একই ভাবে মুখ্যমন্ত্রীর নির্দেশে সংস্থার দপ্তর থেকেও বহু ফাইল, গাড়ীতে তুলে নিয়ে যেতে দেখা যায়। সল্টলেকের অফিসে পৌঁছেছেন রাজ্য পুলিসের মহানির্দেশক রাজীব কুমারও।

এদিকে, মুখ্যমন্ত্রী ইডির তদন্তে বাধা দিচ্ছেন বলে অভিযোগ তুলে, তাঁর বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী**।

*******************************************************************

দুদিনের রাজ্য সফরে পশ্চিমবঙ্গ এসেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা।

বিমানবন্দরে তাকে স্বাগত জানান, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ বিজেপির অন্যান্য নেতৃবৃন্দ। আজ রাজ্যের বিজেপি নেতৃত্বের সঙ্গে বৈঠক রয়েছে জে পি নাড্ডার। এছাড়াও চিকিৎসকদের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি।

আগামীকাল সকালে নিউটাউনের চিত্তরঞ্জন ক্যান্সার ইনস্টিটিউট পরিদর্শনে যাবেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী। এরপর কল্যাণী এমস হাসপাতালে কয়েকটি নতুন বিভাগের উদ্বোধন করবেন।

*******************************************************************

নির্বাচন কমিশন, **আজ** দেশের সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসেছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পৌরহিত্যে **সকাল ১০টা** থেকে ওই বৈঠক শুরু হয়েছে। তবে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ঐ বৈঠকে যোগ দিচ্ছেন না।

চলতি SIR প্রক্রিয়া, ভোট প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই বৈঠকে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

*******************************************************************

কেন্দ্রীয় সরকার, জনগণনার প্রথম পর্বের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পর্যায়ে চলতি বছরের পয়লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে গৃহ সংখ্যা গণনার কাজ করা হবে। প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ৩০ দিনের মধ্যে এই কাজ সম্পন্ন করবে। দেশে এই প্রথমবার জনগণনার কাজ হবে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে। অ্যান্ড্রয়েড এবং আইওএস মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে তথ্য

সংগ্রহ করা হবে। জনগণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ এবং তত্ত্বাবধানের জন্য প্রায় ৩০ লক্ষ কর্মী নিয়োগ করা হবে।

২০২৭ সালের ফেব্রুয়ারিতে দ্বিতীয় পর্যায়ের জনগণনা অনুষ্ঠিত হবে।

কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ এবং জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ড রাজ্যের পাহাড়ি এলাকাগুলির জন্য, দ্বিতীয় পর্জায়ের জন গণনা চলতি বছরের সেপ্টেম্বরে পরিচালিত হবে।

********************************************************************

“সোমনাথ স্বাভীমান পর্ব”-এর সূচনাকালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সারা দেশের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি বলেন, দেশের সেইসব শিশু যারা কখনও নীতি ও আদর্শের সঙ্গে আপোস করেনি, এই স্বাভীমান পর্বে তাঁদের স্মরণ করা হয়। ১০২৬ সালের জানুয়ারি মাসে সোমনাথ মন্দিরে প্রথম আক্রমণ হয় বলে শ্রী মোদী জানান। কিন্তু পূণ্যার্থীদের ভক্তি ও ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যের ফলেই সোমনাথ বারংবার আক্রান্ত হওয়ার পরেও আবার মাথা তুলে দাঁড়িয়েছে বলে শ্রী মোদী প্রত্যয় ব্যক্ত করেন। প্রায় হাজার বছর ধরে ভারতের সভ্যতা সোমনাথ মন্দিরের সাংস্কৃতিক ঐতিহ্যকে গর্বের সঙ্গে বহন করে বলেও প্রধানমন্ত্রী জানান।

নিজের সোমনাথ দর্শনের কথা তুলে ধরে, সমাজমাধ্যমে #SomnathSwabhimanParv ব্যবহার করে তিনি সারাদেশের জনগণকে তাঁদের সোমনাথ দর্শনের স্মৃতি সকলের সঙ্গে ভাগ করে নেওয়ার আহ্বান জানান। ১৯৫১ সালে সোমনাথ মন্দির পুনর্নির্মাণের পর, ২০০১ সালের ৩১ শে অক্টোবর স্বর্ণ জয়ন্তী উপলক্ষ্যে অনুষ্ঠানে তৎকালীন রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ, সর্দার বল্লভভাই প্যাটেল, কে এম মুনশি-র প্রচেষ্টার কথা তুলে ধরেন শ্রী মোদী। প্রধানমন্ত্রী বলেন, ২০২৬ সালে সেই স্মরণীয় সোমনাথ মন্দিরের ৭৫ বছর পূর্তি হচ্ছে। তিনি বলেন, এই মন্দির কেবল স্থাপত্য কার্যই নয়, বরং এই সারাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার এক অদম্য প্রয়াসের নিদর্শন।

প্রধানমন্ত্রী আগামী ১১ ই জানুয়ারি সোমনাথ স্বাভীমান পর্বের অনুষ্ঠানে যোগ দেবেন। বছর ব্যাপী এই অনুষ্ঠানে নানা আধ্যাত্মিক, সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ডের উদ্যোগ নেওয়া হবে।

********************************************************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ২০২৫ -ক্রীড়া জগতের মাইলফলক। বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

********************************************************************

২০২৬ অর্থবর্ষে ভারতের জিডিপি বৃদ্ধির হার ৭.৬ শতাংশে দাঁড়াতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আন্তর্জাতিক সমীক্ষক সংস্থা মর্গ্যান স্ট্যানলি। যা ভারতের জাতীয় পরিসংখ্যান দফতর এনএসও-এর দেওয়া আগের পূর্বাভাসের থেকে বেশি। এনএসও এর আগে জানিয়েছিল ২০২৬ অর্থবর্ষে দেশের জিডিপি বৃদ্ধির হার হতে পারে ৭.৪ শতাংশ।

*******************************************************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন,  বিশ্ব এক পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। এই সময়ে এমন  কিছু সুদূরপ্রসারী ঘটইনা ঘটছে, যা সমগ্র বিশ্ব রাজনীতিকে নতুন করে সংজ্ঞায়িত করতে পারে। ভারত- ওইমার বৈঠকে বক্তব্য রাখার সময় ডক্টর জয়শঙ্কর বলেন, গত বেশ কয়েক বছর ধরে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে এই পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে।

*******************************************************************

জাতীয় রাজধানীতে বেশ কিছু বছর ধরে বৈধ ভিসা ছাড়াই বসবাসকারী ৫৪৮ জন বিদেশী নাগরিককে দিল্লী পুলিস চিহ্নিত করেছে। দিল্লী আউটারের ডেপুটি পুলিশ কমিশনার শচীন শর্মা জানিয়েছেন, সকলকেই ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হয়েছে। এদের মধ্যে ৩৮০ জন বাংলাদেশী। ১১১ জন নাইজেরিয়া এবং ১৩ জন ঘানার বাসিন্দা। দেশের নিরাপত্তা অক্ষুণ্ণ রাখতে এবং অবৈধ বসবাসকারীদের বিরুদ্ধে চালানো অভিযানের অঙ্গ হিসেবেই এই উদ্যোগ। এইসব বিদেশী নাগরিকদের চিহ্নিতকরণের পর তাদের আটক করা হয়। বিদেশী আঞ্চলিক নিবন্ধীকরণ দপ্তরে পেশ করার পর তাদের ডিটেনশন সেন্টারে পাঠানো হয়েছে।

*******************************************************************

জম্মু কাশ্মীরের কাঠুয়া জেলায় লুকিয়ে থাকা জঙ্গির সন্ধানে নিরাপত্তা বাহিনী আজ সকালে ফের তল্লাশি অভিযান শুরু করেছে। এক নিরাপত্তা কর্মী সামান্য আহত হয়েছেন। আকাশবাণীর জম্মুর সংবাদদাতা জানাচ্ছেন, জম্মু  কাশ্মীর পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ SOG এবং অন্যান্য নিরাপত্তা বাহিনী গত সন্ধ্যায় বিলাওয়ারের কাহোগ গ্রামে যৌথ অভিযান চালায়। শুরু হয় দু পক্ষের মধ্যে সংঘর্ষ। ঘন জঙ্গলে তল্লাশি চালানোর জন্য অতিরিক্ত বাহিনী আনা হচ্ছে। সি আর পি এফও এই অভিযানে যোগ দিয়েছে। সেনা, বি এস এফ এবং পুলিসের পক্ষ থেকে সীমান্ত এলাকায় নজরদারী বাড়ানো হয়েছে।

*******************************************************************

বিহার সহ একাধিক রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এস আই আর করার বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দাঁতের হওয়া একগুচ্ছ মামলার শুনানি আজ সুপ্রীম কোর্টে পিছিয়ে গেছে। প্রধান বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বাধীন বেঞ্চ জানিয়েছেন, চলতি মাসের ১৩ তারিখ এই শুনানি হবে।

এর আগে, নির্বাচন কমিশন শীর্ষ আদালতে জানায় কোনো বিদেশী নাগরিক যাতে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকতে না পারে সেজন্য ভোটার তালিকায় এস আই আর করতেই পারে। এটি তাদের সাংবিধানিক কর্তব্য।

*******************************************************************

৬০টিরও বেশি আন্তর্জাতিক সংগঠন থেকে নিজেদের নাম প্রত্যাহার করে নিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। তালিকায় রাষ্ট্রসংঘের একাধিক সংস্থা ছাড়াও রয়েছে ভারত ও ফ্রান্সের যৌথ নেতৃত্বে গড়ে ওঠা আন্তর্জাতিক সৌর জোট। গতকাল এই সংক্রান্ত এক নথিতে সাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তি হিসাবে বলা হয়েছে এই সংগঠনগুলির কাজ মার্কিন স্বার্থের পরিপন্থী।

তালিকায় রাষ্ট্রসংঘের ৩৫টি সংগঠন ছাড়াও রয়েছে ৩১ অন্যান্য আন্তর্জাতিক সংস্থা ও মঞ্চ।

পুল

*******************************************************************

উত্তর সিরিয়ার শহর আলেপ্পোতে সরকারি বাহিনী ও কুর্দিশ বিদ্রোহীদের মধ্যে সংঘর্ষ আরও তীব্র আকার ধারণ করেছে। ঘর ছড়তে বাধ্য হয়েছেন হাজার হাজার বাসিন্দা। মঙ্গলবার থেকে এই অঞ্চলে নতুন করে সংঘর্ষ শুরু হওয়ার পর এখনও পর্যন্ত ১২ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন বহু। অন্তত ৪৫ হাজার মানুষ ঘর ছেড়ে পালাতে বাধ্য হয়েছেন বলে খবর। প্রাণ বাঁচাতে বহু মানুষ আশ্রয় নিয়েছেন উত্তর-পূর্ব আলেপ্পোর আফ্রিন এনক্লেভ অঞ্চলে।

অন্যদিকে, চলতি পরিস্থিতির মধ্যেই ইজরায়েল ও সিরিয়ার মধ্যে একটি চুক্তি সাক্ষর হয়েছে। যার মূল লক্ষ্য গোয়েন্দা তথ্য আদান-প্রদান ও দুই দেশের কূটনৈতিক সম্পর্ক দৃঢ় করা। মার্কিন প্রশাসনের তত্ত্বাবধানেই এই চুক্তি সাক্ষর হয়েছে বলে খবর।

পুল

*******************************************************************

ভারতের চিফ অফ আর্মি স্টাফ, জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, তাঁর শ্রীলঙ্কা সফরের প্রথম দিনে দেশের রাজনৈতিক ও সামরিক নেতৃত্বের সঙ্গে উচ্চ পর্যায়ের এই বৈঠকে অংশগ্রহণ করেন। এই বৈঠক দুদেশের কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করবে বলবে মনে করা হচ্ছে। আঞ্চলিক সুরক্ষা, সামরিক আদানপ্রদান ও শ্রীলঙ্কার সেনাবাহিনীকে প্রয়োজনীয় সহায়তা করা সংক্রান্ত আলোচনার উদ্দেশ্যেই এই সফর। বেশ কিছু সামরিক যন্ত্র শ্রীলঙ্কার সামরিক আধিকারিকদের হাতে তুলে দেন শ্রী দ্বিবেদী। তাঁর এই সফর শেষ করে তিনি আগামিকাল দেশে ফিরে আসবেন।

*******************************************************************

বাংলাদেশের ঢাকার তেজগাঁও এলাকায় গতরাতে দুষ্কৃতীদের গুলিচালনায় বাংলাদেশ জাতীয়তাবাদী পার্টি BNPর এক নেতার মৃত্যু হয়েছে। আহত আরো একজন। ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। মোতায়েন করা হয়েছে বিপুল পুলিশ বাহিনী। আজিজুর রহমান মুসাবীর নামে ঐ ব্যক্তি বি এন পি-র শাখা সংগঠন স্বেচ্ছাসেবক দলের ঢাকা মেট্রোপলিটান ইউনিটের প্রাক্তন সাধারণ সচিব। আহত আবু সুফিয়ান কারোয়া বাজার ভ্যান ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক। পুলিস জানিয়েছে, তেজুরি ন্যাজার থানা এলাকার বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্সে গতরাত ৮ তা ৪০ মিনিট নাগাদ ঐ দুজনকে লক্ষ্য করে দুষ্কৃতীরা বেশ কয়েক রাউন্ড গুলি চালায়। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে পুলিশ।

***********************************************************************

জম্মু-কাশ্মীরের পুলওয়ামায় জঙ্গি হামলার পরবর্তী সময়ে ভারতের সন্ত্রাস বিরোধী পদক্ষেপকে সমর্থন করার জন্য মার্কিন আইনসভার স্পিকারকে ধন্যবাদ জানিয়েছেন ভারতীয় রাষ্ট্রদূত বিনয় কোয়াত্রা। মার্কিন হাউজ অব রিপ্রেজেনটেটিভসের ৫৬ তম স্পিকার মাইক জনসনের সঙ্গে সম্প্রতি দেখা করেন মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত। সেখানে সন্ত্রাস মোকাবিলা-সহ দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে তাদের মধ্যে কথা হয়। পারস্পরিক লাভজনক বাণিজ্য চুক্তি নিয়ে দুই দেশের মধ্যে মধ্যে কথা হচ্ছে বলেও জানিয়েছেন ভারতীয় রাষ্ট্রদূত।

***********************************************************************

পশ্চিমবঙ্গে আজ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হলো গঙ্গাসাগর মেলা। মেলা শুরুর সঙ্গে সঙ্গেই তীর্থযাত্রীদের জন্য চালু হয়ে গেছে প্রশাসনিক ও পরিকাঠামোগত সব ধরনের পরিষেবা। এবছরও সুষ্ঠু, সুশৃঙ্খল ও নিরাপদ মেলা পরিচালনার জন্য প্রশাসন সম্পূর্ণ প্রস্তুত। এবারের গঙ্গাসাগর মেলায় স্নান শুরু হবে মকর সংক্রান্তির ভোর থেকেই। তবে ডিসেম্বরের শুরু থেকেই সাগরদ্বীপে পুণ্যার্থীদের ঢল নেমেছে। বহু পুণ্যার্থী আগেভাগেই এসে পুণ্যস্নান সেরে কপিলমুনির আশ্রমে পুজো দিয়ে ফিরে যাচ্ছেন। প্রশাসনের হিসেব অনুযায়ী, প্রতিদিনই দেশ-বিদেশ থেকে হাজার হাজার পুণ্যার্থী গঙ্গাসাগরে পৌঁছচ্ছেন।

মেলা শুরুর সঙ্গে সঙ্গে আজ থেকেই অতিরিক্ত পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। সিভিল ডিফেন্স, এনডিআরএফ সহ বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যরাও দায়িত্বে থাকবেন। ইতিমধ্যে রঙিন আলোকমালায় সেজে উঠেছে মিলনতীর্থ গঙ্গাসাগর।

***********************************************************************